

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬৮.২০১৫- ১৮৩১

তারিখ : ২৯ ডিসেম্বর ২০১৬

বিষয় : বগুড়া জেলার গাবতলী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোছাঃ সুরাইয়া জেরিন (রনি) কর্তৃক উপজেলা পরিষদের দায়িত্ব পালনে অপরগতার অভিযোগের বিষয়ে মতামত প্রদান।

সূত্র-১: জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া-এর স্মারক নং ৪৬.৫০.১০০০.০১০.৪৯.০৭৯.১৬-১০৮৮(৩); তারিখ: ২৪ নভেম্বর ২০১৬।

সূত্র-২: বগুড়া জেলার গাবতলী উপজেলা পরিষদ কার্যালয়-এর স্মারক নং ২৮; তারিখ: ১১ ডিসেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে বগুড়া জেলার গাবতলী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোরশেদ মিলটন এবং ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১ জনাব মোঃ আব্দুল মজিদ ফৌজদারী মামলা জনিত কারণে জুলাই ২০১৬ হতে উপজেলা পরিষদ অনুপস্থিত রয়েছে মর্মে জানানো হয়। সেইসাথে গাবতলী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোছাঃ সুরাইয়া জেরিন (রনি) পরিষদের দায়িত্ব পালনে লিখিতভাবে অপরগতা প্রকাশ করায় উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যানের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রদান ও স্বাভাবিক কার্যক্রম পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য জেলা প্রশাসক, বগুড়া কর্তৃক অনুরোধ করা হয়। অপরদিকে ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে উক্ত উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোছাঃ সুরাইয়া জেরিন (রনি) জানান যে, তার ইচ্ছার বিরুদ্ধে ফাঁকা অলিখিত প্যাডে স্বাক্ষর নিয়ে তার দায়িত্ব পালনে অপরগতার দরখাস্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করা হয়েছে। তিনি উপজেলা পরিষদের দায়িত্ব পালনে পুরোপুরি সক্ষম রয়েছেন এবং তাকে দায়িত্ব প্রদান করা হলে তিনি দায়িত্ব পালন করবেন মর্মে আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বগুড়া জেলার গাবতলী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোছাঃ সুরাইয়া জেরিন (রনি) এর আবেদনে উল্লিখিত বিষয়ে সরেজমিন তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১(এক) পাতা।

J.M.  
2.2/12/2015  
(ড. জুলিয়া মর্দিন)  
উপসচিব  
ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক  
বগুড়া।

অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।